

জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তি (পিএসসি, জেএসসি, এসএসসি, এইচএসসি ও অনার্স) ও উপবৃত্তির (পেশামূলক ও তফসিলী) অর্থ EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের তফসিলভুক্ত অনলাইন ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য বৃত্তির MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান সকল মাধ্যমিক বিদ্যালয়, সাধারণ কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং কলেজ, বুয়েট ও পাবলিক/সাধারণ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান) হতে এন্ট্রি/সংশোধন করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোড করা হয়। ফলে বর্ণিত বিষয়ে কোন তথ্য মাউশি হতে প্রতিষ্ঠান/অভিভাবক/শিক্ষার্থী হতে চাওয়া হয় না।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড, বিভিন্ন সরকারি অফিস ও বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন কারণ দেখিয়ে প্রতারক চক্র শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থী/ অভিভাবকের কাছ থেকে অর্থ, প্রতিষ্ঠানের User ID ও Password, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য এবং ডেবিট/ক্রেডিট কার্ডের Password/PIN Number/OTP চাচ্ছে। উল্লেখ্য, বৃত্তির অর্থ প্রেরণের জন্য এ সংক্রান্ত কোন তথ্য চাওয়া হয় না বিধায় যেকোন ধরনের আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য, ডেবিট/ক্রেডিট কার্ডের Number/Password/ PIN Number/OTP কারো সাথে শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এছাড়া, প্রতিষ্ঠানের User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান)  
মহাপরিচালক

চলমান পাতা - ২

E:\05\_Scholarship (Mass File)\Scholarship Draft\2023-05-12 2023-05-12 2023-05-12 2023-05-12 2023-05-12.doc

স্মারক নং : চক/এড/২০২৫/ ৮১৪

তারিখ : ০৯/১১/২০২৫

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হল :

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল সম্মানিত বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৩। সম্মানিত কোঅর্ডিনেটর ও কাউন্সেলরবৃন্দ, উচ্চ মাধ্যমিক একাদশ ও দ্বাদশ শ্রেণি শাখা, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। বিষয়টি শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৪। অফিস নথি।

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

০৯/১১/২৫